

২০২২

চতুর্থ সেমিস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : CC-9

(ছন্দ, অলংকার ও কাব্যতত্ত্ব)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) সরল কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। - ১০  
অথবা,
- (খ) সংজ্ঞা ও দৃষ্টান্তসহ পরিচয় দাও (যে-কোনো দুটি)। ৫×২  
(অ) অমিত্রাক্ষর-ছন্দ  
(আ) অক্ষর ও মাত্রা  
(ই) পর্ব ও অতিপর্ব।
- ২। (ক) বক্রোক্তি অলংকার কাকে বলে? এর ক'টি বিভাগ ও 'কী কী? উদাহরণসহ প্রত্যেকটি বিভাগ সম্পর্কে আলোচনা করো। ২+২+৬  
অথবা,
- (খ) উপমা অলংকার কাকে বলে? এর বিভিন্ন বিভাগগুলির নাম উল্লেখ করে যে-কোনো দুটি বিভাগ সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+২+৬
- ৩। (ক) চিন্তের স্থায়ীভাব কীভাবে বিভাব, অনুভাব ও সঞ্চরী ভাবের সংযোগে রূপান্তরপ্রাপ্ত হয়ে রসে পরিণত হয় তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০  
অথবা,
- (খ) গ্রিক দার্শনিক অ্যারিস্টটলের অনুসরণে 'অনুকরণের বিষয়' ও 'অনুকরণের রীতি' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

Please Turn Over

৪। ছন্দলিপি প্রণয়ন করো (মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যিক)।

- (ক) দহন শয়নে তপ্ত ধরণী পড়েছিল পিপাসার্তা  
পাঠালে আহারে ইন্দ্রলোকের অমৃতবারির বার্তা  
মাটির কঠিন বাধা হল ক্ষীণ দিকে দিকে হল দীর্ণ  
নব অঙ্কুর জয় পতাকায় ধরাতল সমাকীর্ণ।

অথবা,

- (খ) এই পৃথিবীর  
পুরোনো শরীরে আসে বসন্তের দস্যুতার ভীড়  
কোনো নিদ্রাহীন রাতে  
আমারও শরীর যেন মঞ্জরিত হতে চায়  
আকাশে জ্যোৎস্নাতে।

MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY

৫। ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো।

- (ক) লক্ষ্মীর পঙ্কজ রবি গেলা অস্তাচলে।

অথবা,

- (খ) চোখে চোখে কথা নয় গো বন্ধু আগুনে আগুনে কথা।

৬। (ক) আলাংকারিকরা কেন রসকে 'সহৃদয়হৃদয়সংবাদী' বলেছেন তা সংক্ষেপে বুঝিয়ে দাও।

অথবা,

- (খ) অনুকরণ সম্পর্কে প্লেটো ও অ্যারিস্টটলের দৃষ্টিভঙ্গির পার্থক্য আলোচনা করো।

৭। যে-কোনো একটি বিষয় সম্পর্কে আলোচনা করো।

- (ক) সনেটের গঠন বৈশিষ্ট্য  
(খ) বিরোধ অলংকার  
(গ) স্থায়ীভাব

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

- (ক) কোন ছন্দকে 'ছড়ার ছন্দ' বলা হয়?  
(খ) কলাবৃত্ত ছন্দের দুটি ভাগ কী কী?  
(গ) কোন্ ছন্দের লয় ধীর?  
(ঘ) মুক্তক ছন্দের 'মুক্তক' নামকরণটি কে করেছিলেন?  
(ঙ) পয়ার ছন্দ ব্যবহার হয়েছে এমন একটি বাংলা মহাকাব্যের নাম লেখো।

- (চ) “জীবে দয়া তব পরম ধর্ম জীবে দয়া তব কই?” — এখানে কোন অলংকার হয়েছে?
- (ছ) কোন অলংকারে উপমেয় ও উপমানের মধ্যে অভেদ কল্পিত হয়?
- (জ) ‘বাজস্তুতি’ অলংকারের ‘বাজ’ কথাটির অর্থ কী?
- (ঝ) সমাসোক্তি অলংকারের একটি দৃষ্টান্ত দাও।
- (ঞ) ‘যেন’ শব্দটি সাধারণত কোন অলংকারে ব্যবহৃত হয়?
- (ট) ধ্বনিবাদের প্রবন্ধ কে?
- (ঠ) মহাকবি বাশ্মীকি তাঁর মুখনিঃসৃত শব্দবন্ধকে কী নাম দিয়েছিলেন?
- (ড) ‘শোক’ ভাব থেকে সৃষ্ট রসটির নাম কী?
- (ঢ) ‘পোয়েটিক্স’ গ্রন্থের রচয়িতা কে?
- (ণ) ‘অনুকরণ’-এর গ্রিক প্রতিশব্দটি লেখো।

---

MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY